

পানি ভবনে বিদ্যুৎ জ্বালানি সাশ্রয়ে ১৯ সিদ্ধান্ত

নিজস্ব প্রতিবেদক

জুলাই ২১, ২০২২

IPDC
ডিপোজিট

সর্বোচ্চ নিরাপত্তা

প্রধান শেয়ারহোল্ডার সর্বোচ্চ ক্রেডিট রেটিং
brac AAA



পানিসম্পদ মন্ত্রণালয়

রাজধানীর গ্রিন রোডের পানি ভবনে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে ১৯টি সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতকাল পানি ভবনের সম্মেলনকক্ষে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে অনুষ্ঠিত সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়। পানিসম্পদ মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সিদ্ধান্ত অনুযায়ী, পানি ভবনের শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থার সর্বনিম্ন তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াসে রাখতে হবে। এছাড়া সিদ্ধান্তের মধ্যে রয়েছে করিডোরের বাতি ও ডেস্কের ওপরে অবস্থিত লাইট ছাড়া অন্য সব বাতি বন্ধ থাকবে, কক্ষ ত্যাগের সময় বাতি এবং এসি বন্ধ থাকবে, ভবনের ভেতরের সব গ্লাসডোর বন্ধ থাকবে।

তিনটি লিফট বাদে বাকি লিফট বন্ধ থাকবে, কক্ষের জানালার পর্দা সরিয়ে রাখতে হবে, ইলেকট্রিক কেটলি, ওভেন ব্যবহার সম্পূর্ণভাবে বন্ধ থাকবে।

এছাড়া পানিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ অন্যান্য সংস্থার সব অফিসে শতকরা ৫০ শতাংশ বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে জরুরি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

পানিসম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবির বিন আনোয়ার সভায় সভাপতিত্ব করেন। এতে পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক ফজলুর রশিদ, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সালমা জাফরিনসহ বিভিন্ন দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।